

জাবির সাবেক শিক্ষার্থীদের নিয়ে বিসিএস অফিসার্স ফোরাম গঠিত

নিজস্ব প্রতিবেদক

১৪ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৩ জুলাই ২০১৯ ২৩:৩০



আমাদের মমতা

বিসিএস ক্যাডার হিসেবে কর্মরত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের নিয়ে ‘বিসিএস অফিসার্স ফোরাম’ গঠন করা হয়েছে। গত শুক্রবার রাতে রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত শিক্ষার্থীদের মিলনমেলায় সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মনোয়ার আহমেদকে সভাপতি এবং পুলিশ সুপার (এডিসি, গুলশান) মো. আ. আহাদকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

সহসভাপতি নির্বাচিত হয়েছেন পরিসংখ্যান ব্যরোর মহাপরিচালক (অতি. সচিব) ড. কৃষ্ণ গায়েন, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. তাহিয়াত হোসেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুজ্জ সালেহীন, ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক নেহাল আহমেদ এবং বাংলাদেশ পুলিশের ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন।

যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উপসচিব ফাতেমা তুল জান্নাত, প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব এমএম ইমরুল কায়েস (রানা) ও খাদ্যমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব) মো. সহিদুজ্জামান। সাংগঠনিক সম্পাদক অতিরিক্ত পুলিশ সুপার মো. জহুরুল হক মামুন। আর প্রচার সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন পুলিশের এএসপি এমএম শারীম, আগারগাঁওয়ের উপাধ্যক্ষ ইন্দুপ্রভা দাস ও ড. মুহম্মদ মনিরুল হক।